165

তারিখ ... 10 NOV 1998 ...
পৃঃ ৫ ... কলাম ... ৪ ......

দৈনিক ইনকিলাব

## শিক্ষা বিভাগের উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আবেদন

বিগত ২২-৯-৯৮ তারিখে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে ১৯৯৯ সনের এসএসসি পরীক্ষার তথ্যাদি প্রকাশ করা হয়েছে। ১৯৯৮ সনের এসএসসি পরীক্ষায় ১৯৯৪ ও ১৯৯৫ সনের রেজিস্ট্রেশনধারী লক্ষ লক্ষ ছাত্র/ছাত্রী ১৯৯৭ সনের পাঠ্যসূচী মতে পরীক্ষায় অংশগ্রহণ করে অনেকেই প্রথম কিংবা দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হবার মত নম্বর পেয়ে এক বিষয়ে, বিশেষ করে সাধারণ বিজ্ঞান ২য় পত্রের নৈর্ব্যক্তিক অভিক্ষায় অপ্রত্যাশিত নম্বর পেয়ে অকৃতকার্য হয়েছে। এছাড়াও নৈর্ব্যক্তিক উত্তরপত্রে খাতা পুনঃ নিরীক্ষণের কোন বিধান রাখা হয়নি। ১৯৯৪ সনের রেজিস্ট্রেশনধারী ছাত্র/ছাত্রীদের রেজিস্ট্রেশন মেয়াদকাল শেষ। তথ্য বিজ্ঞপ্তি মতে ১৯৯৪ সনের রেজিস্ট্রেশনধারী ছাত্র/ছাত্রীরা যারা ১৯৯৮ সনের এসএসসি পরীক্ষায় অকৃতকার্য হয়েছে, তারা 'প্রাইভেট', 'নিয়মিত' 'অনিয়মিত' কোন অবস্থাতেই ১৯৯৯ সনের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। এই সকল ছাত্র/ ছাত্রী কোন্ সরকারের দোয়ারে যাবে? উপদেশমূলকভাবে ছাত্র/ছাত্রীদেরকে পড়ান হয় 'একবার না পারিলে দেখ শতবার'। কিন্তু আইনের দরজায় দেখা বন্ধ বিধায় আমাদের অভিভাবক মহলের আকুল আবেদন, মানবিক কারণে ১৯৯৪ সনের রেজিস্ট্রেশন বহাল রেখে ১৯৯৯ সনের এসএসসি পরীক্ষার অংশ নেয়ার সুযোগ দেয়া হউক। যদি অনুগ্রহ বিধিমতে অংশ সম্ভব না হয়, তবে ১৯৯৪ সনে রেজিস্ট্রেশনধারী যে সকল ছাত্র/ছাত্রী ১৯৯৯ সনের এসএসসি পরীক্ষায় অংশ নিতে ইচ্ছুক, তাদের নিকট হতে রেজিস্ট্রেশন ফি নিয়ে পুনঃ পরীক্ষা দেয়ার সুযোগ দেয়া হউক। শেষবারের মত এই সুযোগদানে ধ্বংসের হাত থেকে অনেক কচি জীবন রেহাই পাবে।

এমতাবস্থায় মাননীয় প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী, শিক্ষা সচিব ও শিক্ষা দপ্তরের সকল উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন, যে সকল ছাত্র/ছাত্রী এক বিষয়ে অকৃতকার্য হয়েছে, তাদেরকে এক বিষয়ের পরীক্ষা নেয়া হক। আর ১৯৯৪ সনের রেজিস্ট্রেশন [illegible] ছাত্র/ছাত্রীদের রেজিস্ট্রেশন বহালান্তে পরীক্ষা দিতে পারে [illegible] অভিভাবক মহল আশা রাখে।

[illegible]
শিক্ষিকা, নেয়ারীকুড়া প্রাথমিক বিদ্যালয়,
হালুয়াঘাট, ময়মনসিংহ।